

৪.১৩.২ ব্যবহারিক বিষয়/বিষয়ের ব্যবহারিক অংশের চূড়ান্ত বা পর্ব সমাপনী মূল্যায়নের মানবন্টন হবে নিম্নরূপঃ


| ব্যবহারিক পর্ব সমাপনী মূল্যায়নের মানবন্টন: | |
|---|-----------------|
| মূল্যায়নের ক্ষেত্র | ৫০% এর ক্ষেত্রে |
| ক. জব/এক্সপেরিমেন্ট | ৩০% |
| খ. জব/এক্সপেরিমেন্ট রিপোর্ট | ১০% |
| গ. জব/এক্সপেরিমেন্ট চলাকালীন সময়ের মৌখিক পরীক্ষা | ১০% |

- ৪.১৪ পর্ব সমাপনী পরীক্ষার অব্যবহিত পর অনাভ্যন্তরীণভাবে মূল্যায়নকৃত সকল প্রকার পরীক্ষা সংক্রান্ত উত্তরপত্র ও কাগজপত্র ইনস্টিটিউটে পরবর্তী পর্ব পর্যন্ত সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনে বোর্ডে প্রেরণ করতে হবে। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ আন্তঃপ্রতিষ্ঠানের মান পরীক্ষা করার জন্য প্রেরণকৃত উত্তরপত্রগুলো মূল্যায়ন করবে এবং উক্ত মূল্যায়নের প্রেক্ষিতে প্রতিষ্ঠানগুলোর মানের সমতা বিধানকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- ৪.১৫ ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের তাত্ত্বিক পর্ব সমাপনী পরীক্ষা শেষে ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষা অভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক যৌথভাবে পরিচালনা করবেন। সাধারণত সংশ্লিষ্ট বিষয়ের পাঠদানকারী শিক্ষক উক্ত বিষয়ের অভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে কাজ করবেন। পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক নিয়োগ করবেন এবং বোর্ড হতে অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক নিয়োগ করা হবে। পরীক্ষার্থীর সংখ্যা এবং ওয়ার্কশপ/ল্যাবরেটরি সুবিধাদির ভিত্তিতে পরীক্ষার্থীদেরকে অনধিক ৩০ জনের গুপে বিভক্ত করে ব্যবহারিক পরীক্ষার বিস্তারিত সময়সূচি প্রণয়ন করে পরীক্ষা গ্রহণ করতে হবে। প্রত্যেক পরীক্ষার্থী যাতে নির্ধারিত জব/এক্সপেরিমেন্ট নিজ হাতে সম্পন্ন করে তা নিশ্চিত করতে হবে। বিভাগীয় প্রধান পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদনক্রমে নোটিশের মাধ্যমে ব্যবহারিক পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরীক্ষার্থীদেরকে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করবেন;
- ৪.১৬ অভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক যৌথভাবে ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষা গ্রহণ ও পরীক্ষার্থীদের মূল্যায়ন করবেন;
- ৪.১৭ অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের সাথে আলোচনাক্রমে ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষার নম্বর প্রদান করবেন। এ বিষয়ে মতানৈক্য দেখা দিলে অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে;
- ৪.১৮ অভ্যন্তরীণ পরীক্ষক কর্তৃক প্রদত্ত তাত্ত্বিক ও ব্যবহারিক ধারাবাহিক নম্বর বিভাগীয় প্রধান/ইনস্টিটিউট প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষর করে বোর্ডে প্রেরণ করতে হবে;
- ৪.১৯ ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের সমাপনী পরীক্ষা শেষ হওয়ার পর ঐ দিনই সংশ্লিষ্ট কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সেন্টার-ইন-চার্জ) তাত্ত্বিক বিষয়ের উত্তরপত্রসমূহ বোর্ডের সংশ্লিষ্ট পরীক্ষা শাখার নির্দেশনা মোতাবেক সীলগালা করে বীমাকৃত পার্সেল ডাকযোগে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করবেন। তবে কোন কারণে পরীক্ষা অনুষ্ঠানের দিন উত্তরপত্রসমূহ বোর্ডে প্রেরণে ব্যর্থ হলে কেন্দ্রের কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সেন্টার-ইন-চার্জ) সংশ্লিষ্ট থানায় জিডি করে সীলগালাকৃত উত্তরপত্রসমূহ থানা/ ট্রেজারিতে সংরক্ষণ করবেন এবং জিডির কপি সহ পরের দিন সীলগালাকৃত উত্তরপত্রসমূহ বীমাকৃত পার্সেল ডাকযোগে বোর্ডে প্রেরণ করবেন;
- ৪.২০ ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের চূড়ান্ত মূল্যায়ন/পর্ব সমাপনী পরীক্ষার তাত্ত্বিক বিষয়ের উত্তরপত্রসমূহ বোর্ডের ব্যবস্থাপনায় এবং বোর্ড কর্তৃক নিয়োগকৃত পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষক দ্বারা যথাক্রমে মূল্যায়ন, নিরীক্ষণ ও চূড়ান্ত নিরীক্ষণ করে ফলাফল প্রকাশ করা হবে এবং ৮ম পর্বে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং এর মূল্যায়ন অনুচ্ছেদে ৬.০ বর্ণিত নিয়ম অনুযায়ী সম্পাদিত হবে ও বোর্ড কর্তৃক ফলাফল প্রকাশ করা হবে;
- ৪.২১ সকল পর্বের তাত্ত্বিক ধারাবাহিক মূল্যায়ন ও বোর্ড সমাপনী পরীক্ষার প্রাপ্ত নম্বর এবং ব্যবহারিক ধারাবাহিক মূল্যায়ন ও চূড়ান্ত মূল্যায়নে প্রাপ্ত নম্বর এবং ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং এর নম্বর একত্র করে বোর্ডের ব্যবস্থাপনায় ফলাফল প্রস্তুত এবং যথারীতি ফলাফল প্রকাশ করা হবে।

৫.০ পর্বভিত্তিক ফলাফল এবং উত্তীর্ণ বা অনুত্তীর্ণ ঘোষণা (Semester wise Result and Pass or Fail Declaration):

৫.১ তাত্ত্বিক/ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়নে কোন বিষয়/বিষয়সমূহে অকৃতকার্য শিক্ষার্থীকে সংশ্লিষ্ট পর্বে অনুত্তীর্ণ ঘোষণা করা হবে। এরূপ অনুত্তীর্ণ শিক্ষার্থী যে পর্বে অনুত্তীর্ণ হয়েছে পরবর্তী সংশ্লিষ্ট পর্বে ধারাবাহিকভাবে পর পর সর্বোচ্চ দু'বার বোর্ড নির্ধারিত ফি দিয়ে পুনঃভর্তি হয়ে নিয়মিতভাবে উক্ত অকৃতকার্য বিষয়/বিষয়সমূহ অধ্যয়ন করে সংশ্লিষ্ট পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং উক্ত বিষয়/বিষয়সমূহের সকল অংশের অর্থাৎ তাত্ত্বিক/ধারাবাহিক ও পর্ব সমাপনী অংশে পৃথকভাবে এবং ব্যবহারিক পর্ব সমাপনী ও ধারাবাহিক অংশে পৃথকভাবে কৃতকার্য হতে হবে। এ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ফলাফল নির্ধারণ করা হবে। উক্ত সময়ের মধ্যে এ সুযোগ গ্রহণ করে পরীক্ষায় অকৃতকার্য হলে উক্ত শিক্ষার্থীর অধ্যয়নের আর কোন সুযোগ পাবে না ;

৫.২ ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী সকল শিক্ষার্থী পরবর্তী পর্বে সাময়িকভাবে অধ্যয়নের সুযোগ পাবে;

 ২২/০৪/২২



